গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

# শোক বার্তা

আজ ২১শে জুলাই ২০২৫ সোমবার, বেলা ১:০৬ ঘটিকায় বাংলাদেশ বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান উড্ডয়নের কিছুক্ষণ পর রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বিধ্বস্ত হয় ও ভবনটিতে আগুন ধরে যায়। বিধ্বস্ত হওয়ার সময় ভবনটিতে অনেক শিক্ষার্থী ছিলো। এ দুর্ঘটনার শিকার হয়ে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীসহ অনেকেই আহত ও নিহত হয়। আহত ও নিহতদের অধিকাংশই শিক্ষার্থী।

বিমান দুর্ঘটনায় আকস্মিক মৃত্যুতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ পুরো শিক্ষা পরিবার গভীরভাবে শোকাহত। মহান সৃষ্টিকর্তার নিকট মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত ও আহত শিক্ষার্থীসহ অন্যান্যদের দ্রুত আরোগ্য কামনা করছি। আহত ও নিহতদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি।

21.7.25
প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ ঢাকা

D>GA>transfer>bibidh note